


# যুগান্তর

## জেডিসি পরীক্ষায় প্রক্সি দিতে গিয়ে কলেজছাত্র আটক

প্রকাশ : ০২ নভেম্বর ২০১৯, ১৪:১৩ | অনলাইন সংস্করণ

 যুগান্তর রিপোর্ট



নওগাঁর সাপাহারে জেডিসি পরীক্ষায় প্রক্সি দিতে গিয়ে মনিরুল ইসলাম নামে এক কলেজছাত্র আটক হয়েছেন।

শনিবার সকালে সাপাহার সরফতুল্লা ফাজিল (ডিগ্রি) মাদ্রাসা কেন্দ্র থেকে তাকে আটক করা হয়।

আটকের পর তাকে সাত দিনের কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট উপজেলা ভূমি কমিশনার সোওরাব হোসেন।

আটক মনিরুল ইসলাম উপজেলার শুটকি ডাঙ্গা

পাতাড়ী গ্রামের দুরুলহোদার ছেলে এবং সাপাহার ডিগ্রি কলেজের এইচএসসির ছাত্র।

মনিরুল ইসলাম জানিয়েছেন, তিনি এইচএসসির ছাত্র। এক শিক্ষকের কথায় তিনি মানিরুলের হয়ে জেডিসি পরীক্ষায় অংশ নিয়েছিলেন।

সাপাহার উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) কল্যাণ চৌধুরী ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

সাপাহার থানার ওসি আব্দুল হাই জানান, রায় ঘোষণার পর ওই শিক্ষার্থীকে জেলহাজতে পাঠানো হয়েছে।

---

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

---

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।